# বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০, ফোনঃ ০২-২২৩৩৮৪১৫৯

ই-মেইল: info@bnmc.gov.bd ওয়েবসাইট: www.bnmc.gov.bd


স্মারক নং-বিএনএমসি/প্রশা-৩৪(অংশ-৩)/২০২৩- ৫৮৮ তারিখঃ ১৮ মে ২০২৩ খ্রিঃ

## ভর্তি পরীক্ষার্থীদের জন্য বিশেষ সতর্ক বার্তা

(২৬ মে ২০২৩ তারিখে নার্সিং ও মিডওয়াইফারি কোর্সে ভর্তি পরীক্ষা ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ)

শতভাগ স্বচ্ছতার সাথে নিচ্ছিদ্র নিরাপত্তা ও গোপনীয়তা রক্ষা করে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে নার্সিং ও মিডওয়াইফারি কোর্সের ভর্তি পরীক্ষা গ্রহণের কার্যক্রম চলছে। সুষ্ঠু পরীক্ষা সম্পাদনের লক্ষ্যে সরকারের নীতিনির্ধারণী মহল সজাগ রয়েছেন এবং আইন প্রয়োগকারী ও গোয়েন্দা সংস্থাগুলো তৎপরতা চালাচ্ছে। **প্রতারক চক্রের অনৈতিক প্রলোভনে সাড়া না দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক করা যাচ্ছে। প্রশ্নপত্র ফাঁসের গুজব ছড়ালে তথ্য প্রযুক্তি আইনের আওতায় ব্যবস্থা নেয়া হবে। এছাড়াও অন্যের দ্বারা পরীক্ষা দিয়ে নেয়া (Proxy) বা অনুরূপ কোন ফৌজদারী অপরাধে পরীক্ষার্থীকে না জড়ানোর জন্য বিশেষভাবে সতর্ক করা হলো।**

আগামী ২৬/০৫/২০২৩ খ্রিঃ তারিখ শুক্রবার সকাল ১০.০০ ঘটিকা থেকে ১১.০০ ঘটিকা পর্যন্ত রাজধানী ঢাকা এবং ঢাকার বাইরে একযোগে দেশের ২০ টি কেন্দ্রের ৬২ টি ভেন্যুতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সকল পরীক্ষার্থীকে সকাল ০৯.৩০ ঘটিকার পূর্বেই পরীক্ষাকেন্দ্রের প্রবেশপত্র, এইচএসসি/সমমান পরীক্ষার প্রবেশপত্র/রেজিস্ট্রেশন কার্ড এবং রিফিল দেখা যায় এমন কালো কালির বল পয়েন্ট কলমসহ পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে হবে। **পরীক্ষাকেন্দ্রে ঘড়ি ও মোবাইলসহ কোন রকম ইলেকট্রনিক্স ডিভাইস নিয়ে কেন্দ্রে প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার সাথে সংশ্লিষ্ট সকলের জন্য এটা প্রযোজ্য।**

## যে কোন অবৈধ কর্মকান্ড সম্পর্কে অবিলম্বে জানান

প্রতারক চক্রের কোন অবৈধ কর্মকান্ড সর্ম্পকে অবহিত হলে নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কন্ট্রোল রুম মোবাইল নং ০১৭১১-৬৯৪৫৪৬ এবং ০১৭১১০২৬৩৫১ নম্বরে এবং নিকটস্থ আইন প্রয়োগকারী সংস্থাকে জানানোর জন্য সকলকে অনুরোধ করা যাচ্ছে। সার্বিকভাবে একটি পরিচ্ছন্ন ভর্তি পরীক্ষার সফল বাস্তবায়নে সকল মহলের সহযোগিতা একান্ত কাম্য।

## সতর্ক বার্তা

**নার্সিং ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার কোন সুযোগ নেই। পরীক্ষার্থীদেরকে গুজবে বিশ্বাস না করে, প্রতারণার জালে না জড়িয়ে নিবিড়ভাবে পড়াশুনায় মনোনিবেশ করে নিজ যোগ্যতা প্রদর্শণের জন্য উপদেশ দেওয়া যাচ্ছে। কোন প্রকার ফৌজদারী অপরাধে পরীক্ষার্থীকে না জড়ানোর জন্য বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে।** আগামী ২৬/০৫/২০২৩ খ্রিঃ তারিখ শুক্রবার সকাল **০৯:৩০ ঘটিকায় মধ্যে পরীক্ষা কেন্দ্রে অবশ্যই প্রবেশ করতে হবে এবং ১০.০০ ঘটিকায় কেন্দ্রের মেইন গেট বন্ধ হয়ে যাবে। পরীক্ষা কেন্দ্রের মেইন গেট সকাল ০৮.৩০ ঘটিকায় থেকে খোলা থাকবে।**

18.05.2023

রাশিদা আক্তার
রেজিস্ট্রার (অ: দা)
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং
সদস্য-সচিব, নার্সিং ও মিডওয়াইফারি কেন্দ্রীয় ভর্তি কমিটি।
ফোন ঃ ২২৩৩৮১১১৬/০১৭১১-৬৯৪৫৪৬
E-mail: infobnmc15@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকষণ: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (দৃষ্টি আ: সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৩। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মাহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। যুগ্মসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮। জেলা প্রশাসক, (সংশ্লিষ্ট সকল), . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .
৯। পুলিশ কমিশনার/ পুলিশ সুপার (২০ টি মহানগরী/জেলা), . . . . . . . . . . . . . . . . . .
১০। অধ্যক্ষ, নার্সিং কলেজ/ইনস্টিটিউট: (১) ঢাকা নার্সিং কলেজ, কলেজ অব নার্সিং শেরে বাংলা নগর, নার্সিং ইনস্টিটিউট মিটফোর্ড (২) চট্টগ্রাম (৩) রাজশাহী (৪) খুলনা (৫) সিলেট (৬) বরিশাল (৭) রংপুর (৮) ময়মনসিংহ (৯) ফরিদপুর (১০) গোপালগঞ্জ (১১) নোয়াখালী (১২) শহীদ তাজউদ্দিন আহম্মেদ, গাজীপুর (১৩) কুমিল্লা (১৪) টাংগাইল (১৫) যশোর (১৬) বগুড়া (১৭) দিনাজপুর (১৮) পটুয়াখালী (১৯) হবিগঞ্জ (২০) রাঙ্গামাটি।
১১। সহকারী প্রোগ্রামার, নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকা (বিজ্ঞপ্তিটি কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশসহ)।
১২। পরীক্ষার্থীবৃন্দ . . . . . . . . . . . . . . . . .
১২। জনাব/ বেগম . . . . . . . . . . . . . . . . .

# বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০, ফোনঃ ০২-২২৩৩৮৪১৫৯

ই-মেইলঃ info@bnmc.gov.bd ওয়েবসাইটঃ www.bnmc.gov.bd


স্মারক নং-বিএনএমসি/প্রশা-৩৪(অংশ-৩)/২০২৩- ৫৫৭

তারিখঃ ১৮ মে ২০২৩ খ্রিঃ

**নার্সিং ও মিডওয়াইফারি কোর্সে ভর্তি পরীক্ষা, শিক্ষাবর্ষ ২০২২-২০২৩**

তারিখ: ২৬ মে, ২০২৩ খ্রিঃ, শুক্রবার

সময়: ১ ঘন্টা (সকাল ১০.০০ টা থেকে ১১.০০টা)

## পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলি

১) OMR Sheet এর উপর ১০ (দশ) অংকের Set code টি প্রশ্নপত্রে উল্লেখিত Set code এর সাথে না মিললে প্রশ্নপত্রটি পরিবর্তন করে নিতে হবে।

২) Roll No. এবং Serial No. এর প্রতিটি ঘর পূরণ করতে হবে। Roll No. এবং Serial No. এর জন্য নির্দিষ্ট বৃত্তসমূহ কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে ভরাট করতে হবে।

৩) MCQ পরীক্ষার উত্তর পত্রের সঠিক উত্তরটি পূরণ করতে হবে (কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে)।

৪) বৃত্তগুলো এমনভাবে ভরাট করতে হবে যেন ভিতরের লেখাটি দেখা না যায়।

৫) প্রবেশপত্রে ব্যবহৃত স্বাক্ষর অনুযায়ী উত্তরপত্রের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করতে হবে। উত্তরপত্র ও আবেদনপত্রে ব্যবহৃত নাম ও স্বাক্ষর অভিন্ন হতে হবে।

৬) **পরীক্ষার্থী কর্তৃক প্রশ্নপত্রের সাথে সংযুক্ত উত্তরপত্র (OMR Sheet) টি প্রার্থী নিজ দায়িত্বে সাবধানতার সাথে আলাদা করে উত্তর প্রদান শুরু করতে হবে।**

৭) **প্রশ্নপত্রের সাথে দেয়া উত্তরপত্রে প্রতিটি প্রশ্নের জন্য চারটি সম্ভাব্য উত্তরের বৃত্ত রয়েছে। তার মধ্য হতে সঠিক উত্তরের বৃত্তটি পরিচ্ছন্নভাবে কালো কালির বল পয়েন্ট দিয়ে সম্পূর্ণ বৃত্তটি ভরাট করতে হবে।**

৮) **উত্তরপত্রের নির্দিষ্ট বৃত্তসমূহ ভরাট করা ছাড়া এবং নির্দেশিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে কিছু লিখা সম্পূর্ণ নিষিদ্ধ। লিখলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।**

৯) হল পরিদর্শকের নিকট উত্তরপত্র জমা দেয়ার পূর্বে পরীক্ষার্থী কর্তৃক অবশ্যই প্রশ্নপত্র ও উত্তরপত্র আলাদা আছে কিনা তা নিশ্চিত করতে হবে।

১০) খসড়ার জন্য প্রশ্নপত্র ব্যবহার করা যাবে। কোন পৃথক কাগজ ব্যবহার করা যাবে না। প্রশ্নপত্রের কোন অংশ ছেঁড়া যাবে না কিংবা কারও সাথে বদল করা যাবে না। প্রশ্নপত্র উত্তরপত্রের সাথে অবশ্যই ফেরৎ দিতে হবে।

১১) পরীক্ষা শেষে ইনভিজিলেটরগণ প্রশ্নপত্র ও উত্তরপত্র (OMR Sheet) আলাদা আছে কিনা তা নিশ্চিত করে নিবেন। উত্তরপত্র ও প্রবেশপত্রের নাম ও স্বাক্ষর অভিন্ন হতে হবে।

১২) পরীক্ষার্থীকে হল পরিদর্শকের নির্দেশ ও সিদ্ধান্ত মেনে চলতে হবে। **উত্তরপত্রের নির্দিষ্ট স্থানে পরিদর্শকের নাম ও স্বাক্ষর গ্রহণ করতে হবে। কর্তব্যরত পরিদর্শকের নাম ও স্বাক্ষরবিহীন উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।**

১৩) পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত এবং হলসুপার/কক্ষ-পরিদর্শকের অনুমতি ব্যতীত পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেনা।

১৪) পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বন অথবা বিশৃঙ্খলা সৃষ্টি করতে কিংবা অন্যের সাহায্য নিতে দেখা গেলে আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে এবং তার উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৫) পরীক্ষার হলে মোবাইল ফোন, ইলেক্ট্রোনিক্স/ডিজিটাল ডিভাইস নিয়ে প্রবেশ করা ও ব্যবহারসহ সবধরনের ক্যালকুলেটর, হাতঘড়ি বা পকেটঘড়ি ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ। যদি কেউ এই সব জিনিস/উপকরণ ব্যবহার করেন তবে, তার উত্তরপত্র বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬) পরীক্ষার্থী পরীক্ষার হলে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করবেন এবং অবশ্যই দুই কান খোলা রাখবেন। প্রয়োজনে পরীক্ষার্থীকে সনাক্তকরণের জন্য হল পরিদর্শকগণ পরীক্ষার্থীর মুখমন্ডল খোলার নির্দেশনা দিতে পারবেন।

18.05.2023


রাশিদা আক্তার

রেজিস্ট্রার (অঃ দা)

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং

সদস্য-সচিব, নার্সিং ও মিডওয়াইফারি কেন্দ্রীয় ভর্তি কমিটি।

ফোন ঃ ২২৩৩৮১১১৬/০১৭১১-৬৯৪৫৪৬

E-mail: infobnmc15@gmail.com


Instration for all 18-19